

## Australian Volunteers এওয়ার্ড লাভ করেছেন মোফাজ্জল হোসেন ভূঁইয়া

আতিকুর রহমান ॥ প্রতি বৎসরের ন্যায় এ বৎসরেও ঘোষিত হয়েছে Australian Volunteers এওয়ার্ড। বিশিষ্ট সমাজসেবক ও অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সভাপতি মোফাজ্জল হোসেন ভূঁইয়া Australian Volunteers Award 2012 লাভ করেন। জনাব মোফাজ্জল হোসেন কমিউনিটির কাছে ভূঁইয়া ভাই নামেই সমধিক পরিচিত। সিডনির **Werriwa** এর ফেডারেল এমপি Mr. Laurie Ferguson এ বৎসর National Australian Volunteers এওয়ার্ড এর সার্টিফিকেটটি জনাব মোফাজ্জল হোসেনের হাতে তুলে দেন। ১৯৯১ সালে বাংলাদেশ থেকে প্রবাস সিডনিতে পা রাখার পর থেকেই তিনি কমিউনিটির বিভিন্ন সমাজসেবা মূলক কাজগুলি করে আসছে। বিশেষ করে ধর্মীয় কাজগুলি অত্যন্ত আন্তরিকভাবে করে যাচ্ছে। কমিউনিটির বিভিন্ন সদস্যের অসুস্থতার পাশে দাড়ানো, মৃত্যুর পর লাশ দাফনের আনুষ্ঠানিকতা, বিভিন্ন ইসলামী অনুষ্ঠানে বিনামূল্যে ম্যাট ও বই প্রদান, এতিমখানার জন্য দেশে সাহায্যসহ কল্যানমূলক কাজগুলি নিরলসভাবে করে যাচ্ছেন। সিডনিতে বাংলাদেশীদের কৃর্তক প্রতিষ্ঠিত সেফটন মসজিদে প্রতিষ্ঠালগ্ন থেকেই জড়িত। জনাব মোফাজ্জল হোসেনের কমিউনিটির সমাজমূলক কর্মের মূল্যায়ন করে ফেডারেল সরকার এ বৎসর Australian Volunteers Award 2012 এর নাম ঘোষণা করেন। এওয়ার্ড পাওয়ার পর ফেডারেল এমপি Mr. Laurie Ferguson লিখিতভাবে জনাব মোফাজ্জল হোসেনকে অভিনন্দন বার্তা পাঠান। অভিনন্দন বার্তায় Mr. Laurie Ferguson বলেন, “Popularly known as ‘Brother’ Bhuyia he is a stalwart of the Bangladeshi community. জনাব মোফাজ্জল ভূঁইয়া পুরস্কার লাভের পর প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন যে, কমিউনিটির সকল সদস্যের সুখ-দুঃখের পাশেই যেন বসবাস করতে পারি। তিনি যতদিন জীবিত থাকবেন, ততদিন কমিউনিটির সকলের জন্য নিঃস্বার্থ ও নিরলসভাবে কাজ করে যাবেন এবং সকলের দোয়া কামনা করেন।

উল্লেখ্য যে, জনাব মোফাজ্জল হোসেন ইতিপূর্বে Nominated For Campbelltown Australian of the Year 2010 এবং Recognised by the University of Sydney for help in a study of cardiovascular disease risk factors. সন্তান শরীফ ভূঁয়া ও কন্যা শরীফা ভূঁয়া এর জনক মোফাজ্জল হোসেন ভূঁয়া স্ত্রীসহ দীর্ঘদিন যাবত ইঙ্গেলবার্ন এলাকায় বসবাস করছেন।

